

সেপ্টেম্বর 2023

প্রিয় পরিবারবর্গ,

আমি 2023-24 শিক্ষা বছরে আপনাদের স্বাগত জানাতে পেরে আনন্দিত। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ বেছে নেয়ার জন্য ধন্যবাদ। আমি আশা করছি আপনারা সবাই গ্রীষ্মকালীন বিরতি থেকে পুনরুজ্জীবিত হয়ে ফিরে আসছেন এবং শিক্ষা অর্জনের একটি চমৎকার নতুন বছরে বাঁপিয়ে পড়তে প্রস্তুত।

আমার জন্য, সেপ্টেম্বর ও ক্লাসের প্রথম উদ্দীপনাময় সপ্তাহের সাথে কোনকিছুর তুলনা হয়না—যে সময়টিতে আমি পাঁচ বরো জুড়ে বিভিন্ন স্কুল পরিদর্শন করার, পিতামাতাদের সাথে সাক্ষাৎ করার, এবং শিক্ষার্থী ও শিক্ষকদের স্বাগত জানাবার সুযোগ পাই। যে সময়টিতে আমি ছেলেমেয়েদের মুখে আশা ও প্রতিশ্রুতি দেখার এবং আকাশ-বাতাস বিদ্যুতায়িত করার মত সেই পরিচিত সন্ত্রস্ত উদ্যম অনুভব করার সুযোগ পাই। যে সময়টিতে আমি শিক্ষার্থীরা নিজেদেরকে শিক্ষাগতভাবে চ্যালেঞ্জ করে তাদের কৌতুহল ও সৃজনশীলতা ব্যবহার করতে এবং অসাধারণ "বাহ" মুহূর্তগুলোর অভিজ্ঞতা অর্জন করে তা দেখার সুযোগ পাই। শিক্ষার্থীদের পরিবার ও শিক্ষকগণ তাদেরকে প্রতিটি দিন আরো অধিক উচ্চতায় আরোহণ করতে উৎসাহিত করবেন তা জেনে, যে সময়টিতে আমি ছেলেমেয়েদের মেধা ও অনন্য সক্ষমতা দেখার সুযোগ পাই।

আমরা আমাদের শিক্ষার্থীদের সফলতার জন্য প্রস্তুত করছি তা নিশ্চিত করতে, এই সেপ্টেম্বর আমি আমাদের লক্ষ্য: 'প্রতিটি শিক্ষার্থীকে দৃঢ়ভাবে শুরু সুযোগ...এবং একটি উজ্জ্বল ভবিষ্যতের সুস্পষ্ট পথ-পরিক্রমা অফার করার' প্রতি দ্বিগুণ জোর দিচ্ছি। এর অর্থ হচ্ছে বছরব্যাপী বস্তুনিষ্ঠ শিক্ষায়তনিক, সমৃদ্ধিমূলক খেলাধুলা ও আর্টস্ কর্মসূচি, স্কুলে পুষ্টিকর ও সুস্বাদু খাবার, নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ক্লাসরুম, এবং আরো অনেক কিছু।


NYC রিডস্, যা সকল শিক্ষার্থী দক্ষ পাঠক তা নিশ্চিত করার আমাদের যুগান্তকারী উদ্যোগ, অব্যাহতভাবে অগ্রসর হচ্ছে। এই উদ্যোগে ছেলেমেয়েদের আত্মবিশ্বাসী পাঠক হতে শেখানোর প্রমাণিত পদ্ধতি—"পড়া বা রিডিং বিষয়ক বিজ্ঞান"—এর শেকড়ে গাঁথা এবং ধ্বনিতত্ত্ব দিয়ে সম্পূরককৃত নব্য, প্রমাণ-ভিত্তিক পাঠ্যক্রম রয়েছে। সাক্ষরতা প্রকৃতপক্ষেই সকল শিক্ষার ভিত্তি এবং আমাদের শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের পথ-পরিক্রমা মুক্ত করার জন্য অপরিহার্য।

সেই ভবিষ্যতে কলেজ, কারিগরি বা টেকনিক্যাল কলেজ, অথবা কোনো শিক্ষানবিশী (অ্যাপ্রেন্টিসশিপ) যাই থাকুক না কেন, সকল শিক্ষার্থী যেন দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা অর্জনের পরিকল্পনা সহ গ্র্যাজুয়েট হয়—এবং তাদের পূর্ণ সম্ভাবনা উন্মোচন করার এবং সুযোগের প্রতিটি দুয়ার খোলা তার জন্য প্রয়োজনীয় সকল উপকরণ, সংস্থান, এবং সহায়তা পায় তা আমার নিশ্চিত করবো।

শিক্ষায়তনিক নিয়ম-নীতি এবং স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতির হালনাগাদকৃত তথ্যের পাশাপাশি আরো অনেক কিছু সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য আপনি [schools.nyc.gov/bts2023](https://schools.nyc.gov/bts2023) -এ খুঁজে পেতে পারেন। একটি মুদ্রণযোগ্য ব্যাক টু স্কুল যাচাই-তালিকা (চেকলিস্ট) ডাউনলোড করতে, অনুগ্রহ করে [schools.nyc.gov/btschecklist](https://schools.nyc.gov/btschecklist) দেখুন।

আমি জানি এটি সত্যিই একটি অসাধারণ শিক্ষা বছর হতে যাচ্ছে এবং সেপ্টেম্বরে সেটাই সবেমাত্র শুরু হচ্ছে। আপনাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ। আপনাদের ছেলেমেয়ের শিক্ষা বিষয়ে আমাদের উপর আস্থা রাখার জন্য ধন্যবাদ। এই বছর আমরা যে চমৎকার বিষয়সমূহ একসাথে সম্পন্ন করবো তা নিয়ে আমি উদ্বীণ।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)  
চ্যান্সেলর